

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২০.২১০০


তারিখ: ২২ নভেম্বর, ২০২০ খ্রি।

বিষয়: জাল ও ভুয়া শিক্ষক নিবন্ধন সনদধারী ব্যক্তির বিরুদ্ধে থানায় মামলা দায়ের প্রসংগে।

সূত্র: বেড়া সরকারি কলেজের স্মারক নং-১ বিবিধ/২০২০-২১/৭৮, তারিখ: ২৩.০৯.২০২০ খ্রি।

উপর্যুক্ত সূত্রস্থ বিষয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা হয় এ কার্যালয়ের স্মারক নং-বেশিনিক/পমুপ্র/সনদ যাচাই/৭৪৪(অংশ-৪৬)/২০১৭/১৩০২, তারিখ: ১২.০৭.২০২০ খ্রি. মূলে জনাব NAZMA KHATUN এর সংশোধিত সনদ নং 939931 বাতিল আদেশের বিরুদ্ধে এবং স্থগিতাদেশ উক্ত আদেশের উপর দেয়া হয়। অপরদিকে জনাব NAZMA KHATUN এর নামে যাচাই করে যে সনদ জাল পাওয়া গিয়েছে সে বিষয়ে মামলা করার জন্য এ কার্যালয়ের স্মারক নং-বেশিনিক/পমুপ্র/সনদ যাচাই/৭৪৪(অংশ-২৪)/২০১৭/৪৫০, তারিখ: ১১.০৯.২০১৯ খ্রি. মূলে তাকে পত্র দেয়া হয়েছিল (সনদ নং 914256, NAZMA KHATUN, পিতা: MD. EAZ UDDIN PRANG, নিবন্ধন রোল নং 30111269, রেজি. নং 90006658/2009, 5th Teachers' Registration Examination 2009)। মহামান্য হাইকোর্টে উক্ত স্মারকমূলে জারীকৃত আদেশের (সনদ নং 914256) বিরুদ্ধে মামলা দায়ের করা হয় নি এবং যথারীতি উক্ত আদেশের উপর স্থগিতাদেশও দেয়া হয় নি। এছাড়া মামলা দায়ের করা হয় ২৩.০৮.২০২০ খ্রি. তারিখে এবং সনদ জালিয়াতির জন্য মামলা করার জন্য পত্র দেয়া হয় ১১.০৯.২০১৯ খ্রি. তারিখে। উক্ত পত্র প্রাপ্তির পর দীর্ঘ ১১ (এগার) মাস সময় পাওয়ার পরও তার কর্তৃক সনদ জালকারীর বিরুদ্ধে থানায় মামলা দায়ের করার কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ পরিলক্ষিত হয়নি। তার এ ধরনের কার্যকলাপ সনদ জালকারীকে সহযোগীতা করার সামিল।

বর্ণিতাবস্থায় তার এ ধরনের কার্যকলাপের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধতন কর্তৃপক্ষকে কেন অবহিত করা হবে না তা এ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে এ অফিসকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফিরোজ আহমেদ)

সহকারী পরিচালক (পমুপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd

☎: ০২-৫৫১৩৮৫০৮

প্রাপক:

অধ্যক্ষ
বেড়া সরকারি কলেজ
বেড়া, পাবনা।

অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।